নং. 46

<u>এক্সিকিউটিভ অর্ডার</u>

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

<u>যেহেতু</u>, 14 ফেব্রুয়ারি, 2025 তারিখে শুরু হয়ে চলতে থাকা একটি তীব্র শীতকালীন ঝড় সিস্টেম বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করবে বলে আশঙ্কা করা যাচ্ছে, যার ফলে ব্রঙ্কস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, পাটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, ওয়েস্টচেস্টার এবং সংলগ্ন কাউন্টিগুলিতে গণপরিবহণ, ইউটিলিটি পরিষেবা, জনস্বাস্থ্য, এবং জননিরাপত্তা ব্যবস্থায় আসন্ন বিপদের আশঙ্কা করা হচ্ছে;

<u>যেহেতু</u>, এই ঝড় উল্লেখযোগ্য পরিমাণ তুষার, বরফ, ভারী বাতাস, এবং জমে যাওয়ার মতো ঠাণ্ডা তাপমাত্রা পরিস্থিতি সৃষ্টি করবে বলে আশঙ্কা করা হচ্ছে, যার ফলে রাস্তা বন্ধ, যাতায়াতে বিঘ্ন, ব্যাপক বিস্তৃত বিদ্যুৎ বিভ্রাট এবং সরকারি ও বেসরকারি সম্পত্তির ক্ষয়ক্ষতি হতে পারে, যা জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ;

<u>যেহেতু</u>, স্টেট গত কয়েক সপ্তাহ ধরে বেশ কয়েকটি শীতকালীন ঝড়ের সম্মুখীন হয়েছে, যার ফলে স্টেট জুড়ে লবণ সরবরাহের সমস্যার সম্মুখীন হবে যা স্টেট এবং স্থানীয় রাস্তাগুলিতে প্লাওয়িং এবং পরিষ্কার করার প্রচেষ্টাকে জটিল এবং খারাপ করার মাধ্যমে বিপজ্জনক পরিস্থিতি তৈরি করবে;

<u>এখন, সুতরাং, আমি, KATHY HOCHUL (ক্যাথি হোকল)</u>, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান (Constitution of the State of New York) এবং নির্বাহী আইনের (Executive Law) 28 ধারার 2-B অনুচ্ছেদ অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্ব দ্বারা, এই মর্মে লক্ষ্য করছি যে একটি দুর্যোগের ঘটনা আসন্ন যেটির দ্বারা প্রভাবিত স্থানীয় সরকারগুলি যথাযথভাবে সাড়াদানে সক্ষম নয়। সুতরাং, এই মর্মে আমি 14 ফেব্রুয়ারি, 2025 তারিখ থেকে স্টেট জুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থা কার্যকর করার ঘোষণা করছি। 16 মার্চ 2025 তারিখ পর্যন্ত এই নির্বাহী আদেশ কার্যকর থাকবে;

<u>সেইসাথে</u>, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29 অনুযায়ী, আমি স্টেট পর্যায়ে জরুরি অবস্থা নিয়ন্ত্রণের সমন্বিত পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দিচ্ছি এবং স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে ও আমেরিকান রেড ক্রসকে (American Red Cross) প্রয়োজন অনুযায়ী, স্টেটের সম্পত্তি সুরক্ষিত রাখতে এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকার ও ব্যক্তিদের এই দুর্যোগে সাড়া দিতে ও এটি থেকে সেরে উঠতে সাহায্য করার জন্য, এবং জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে প্রয়োজন অনুযায়ী এধরনের অন্যান্য সহায়তা প্রদান করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুমোদন প্রদান করছি, যা 14 ফেব্রুয়ারি, 2025 তারিখ থেকে কার্যকর হবে।

<u>সেই সাথে</u>, এই ঘোষণাটি 49 ফেডারেল প্রবিধান কোড (Code of Federal Regulations. CFR). 390.23(b) এর আবশ্যিকতা পূরণ করে, যা 49 CFR এর 395.2 এবং 395.5 ধারা থেকে অব্যাহতি প্রদান করে। যাতে লবণ সরবরাহ করা যায়, কর্মীদল যাতে অতি গুরুত্বপূর্ণ রাস্তাঘাট পরিষ্কার করতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটের ইউটিলিটি পাওয়ার পুনঃস্থাপন কর্মীদের যাতায়াত দ্রুত করতে পারে তা নিশ্চিত করার জন্য ফেডারেল মোটর ক্যারিয়ারদের সেবার সময়ের এই নিয়ম থেকে এমন অব্যাহতি প্রয়োজনীয় হবে;

<u>উপরন্তু</u>, যদি কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মান্য করলে দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা সামাল দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ প্রতিরোধ, বাঁধাগ্রস্ত, বা বিলম্ব হতে পারে, তবে নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর ধারা 29-a দ্বারা আমার উপর ন্যস্ত সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার কর্তৃত্ব দ্বারা, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 16 মার্চ, 2025 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

- স্টেটের অর্থ আইনের (State Finance Law) 97-G ধারা, সেই পরিসর অবধি যা খাদ্য, জিনিসপত্র, পরিষেবাদি এবং সরঞ্জাম ক্রয় করার জন্য বা বিভিন্ন কেন্দ্রীভূত পরিষেবা প্রদান করার জন্য প্রয়োজন প্রভাবিত স্থানীয় সরকারগুলিকে, ব্যক্তিবর্গকে এবং অন্যান্য স্টেট-বহির্ভূত সত্ত্বাদের দুর্যোগকালীন জরুরি অবস্থার প্রতি সাড়াদান বা তা থেকে পুনরুদ্ধার পেতে সহায়তা করার জন্য প্রয়োজন;

- স্টেটের অর্থ আইনের (State Finance Law) সেকশন 112 সেই পরিসর অবধি সংশোধন করা যা প্রয়োজন রাজ্যের সংবিধানের আর্টিকেল V, সেকশন I এর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার জন্য, এবং রাজ্যের চুক্তিগুলিতে অতিরিক্ত কাজ, সাইট এবং সময় যোগ করার জন্য;

- স্টেটের আর্থিক আইনের সেকশন 162-A, সেই পরিসর অবধি, যা রক সল্ট বা সোডিয়াম ক্লোরাইড সরবরাহ কেনার জন্য প্রয়োজন;

- স্টেটের অর্থ আইনের ধারা 163 এবং অর্থনৈতিক বিকাশ আইনের (Economic Development Law) অনুচ্ছেদ 4-C, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, প্রযুক্তি এবং উপকরণ ক্রয়ের অনুমতি দেয়;

- সাধারণ নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, নির্মাণসহ পরিষেবা, এবং সরঞ্জাম ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত সাধারণ মিউনিসিপ্যাল আইনের আর্টিক্যাল 5-A;

- সরকারি ভবন আইনের Public Buildings Law) সেক্সান 9 এবং অর্থনৈতিক উন্নয়ন আইনের (Economic Development Law) ধারা 4-C অনুযায়ী, আপৎকালীন পরিস্থিতি চুক্তির জন্য প্রয়োজন পড়লে এক মিলিয়ন পাঁচ লাখ ডলারের বেশি বরাদ্দ করা যেতে পারে;

- হাইওয়ে আইনের ধারা 38 (1),(2) এবং (3), সেই পরিসর অবধি যা জরুরি চুক্তি প্রদান করার অনুমোদনের জন্য প্রয়োজন; এবং

- যানবাহন ও ট্র্যাফিক আইনের (Vehicle and Traffic Law) ধারা 375, 385 এবং 401, জরুরি অবস্থার প্রস্তুতি এবং সাড়াদানে সহায়তার জন্য প্রয়োজনীয় অন্য অধিক্ষেত্রে বৈধভাবে নিবন্ধিত যানবাহন, সরঞ্জাম এবং মাত্রার আবশ্যিকতার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিসর অবধি অব্যাহতি;

উপরন্তু, এই নির্বাহী আদেশের তারিখ থেকে 16 মার্চ, 2025 সময়কাল পর্যন্ত আমি নিম্নলিখিত আইনকে অস্থায়ীভাবে সংশোধন করছি:

> নির্বাহী আইনের ধারা 24; হাইওয়ে আইনের (Highway Law) ধারা 104 এবং 346; যানবাহন ও ট্র্যাফিক আইনের ধারা 1602, 1630, 1640, 1650, এবং 1660; পরিবহন আইনের (Transportation Law) ধারা 14(16); গ্রাম আইনের (Village Law) ধারা 6-602 এবং 17-1706; সাধারণ শহর আইনের (General City Law) ধারা 20(32); সেকেন্ড ক্লাস সিটিজ আইনের (Second Class Cities Law) ধারা 91; এবং নিউ ইয়র্ক কোড, নিয়ম ও প্রবিধানের (New York Codes, Rules and Regulations) শিরোনাম 21 এর ধারা 107.l, ট্র্যাফিক রাস্তা, হাইওয়ে, এবং সড়কে যানবাহনের চলাচল নিয়ন্ত্রিত করার জন্য গভর্নরকে প্রয়োজনীয় কর্তৃত্ব প্রদান করার জন্য প্রয়োজনীয় পরিসর পর্যন্ত।

আমার স্বহস্তে এবং অ্যালবান সিটিতে
স্টেটের প্রাইভি সীলসহ দুই
হাজার পঁচিশ সালের
ফেব্রুয়ারি মাসের এই 14তম
দিন থেকে এটি জারি করা
হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব